

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৩৯

পর্ব - ১০ঃ দণ্ড বিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩. চুরির দণ্ড - বারংবার চুরি করলে চোরের শান্তি

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: جِيءَ بِسَارِقٍ إِلَى النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ فَقَالَ: «اقْتُلُوهُ». فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ! إِنَّمَا سَرَقَ. قَالَ: «اقْطَعُوهُ» فَقَطَعَ, ثُمَّ جِيءَ بِهِ التَّانِيَة, فَقَالَ «اقْتُلُوهُ» فَذَكَرَ مِثْلَهُ, ثُمَّ جِيءَ بِهِ الرَّابِعَةِ كَذَلِكَ, ثُمَّ جِيءَ بِهِ الْخَامِسَةِ فَقَالَ: «أُقْتُلُوهُ». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ, وَالنِّسَائِيُّ, وَاسْتَنْكَرَهُ

ضعيف. رواه أبو داود (4410)، والنسائي (8/ 90 ـ 91) من طريق مصعب بن ثابت، عن محمد بن المنكدر، عن جابر. به. قال النسائي: هذا حديث منكر، ومصعب بن ثابت ليس بالقوي في الحديث

বাংলা

১২৩৯। জাবির (রাঃ) হতে বর্ণিত; কোন এক চোরকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আনা হলে তিনি তাকে হত্যা করতে বলেন। সাহাবীগণ বলেন, এ তো চুরি করেছে মাত্র। তিনি বলেন: তার হাত কেটে দাও ফলে তার হাত কাটা হল। তারপর দ্বিতীয় বার তাকে আনা হলে তিনি এবারেও বললেন: তাকে হত্যা করো। কিন্তু পূর্বের মতই ঘটল (হত্যা করা হল না) তারপর তৃতীয়বার তাকে আনা হলে ঐ রূপ ঘটলো। তারপর চতুর্থবার তাকে আনা হলো এবং ঐ রূপ ঘটল। তারপর তাকে পঞ্চম দফা আনা হলে তিনি তাকে হত্যা করার আদেশ দিলেন।[1]

English

Jabir (RAA) narrated, 'A thief was brought to the Prophet (ﷺ) and he said to



them, "Kill him." The people said, 'He has just stolen O Messenger of Allah!' He then said, "Cut off his hand." He was brought to him the second time and the Messenger of Allah () also said, "Kill him." They said the same and the Messenger of Allah () said to them, 'Cut off his hand." The same man was brought a third time and a fourth time and same was said. When they brought him the fifth time, the Messenger of Allah () said:

"Kill him." Related by Abu Dawud and An-Nasa'i who regarded it as Munkar (a type of weak hadith).

ফুটনোট

[1] নাসায়ী ৪৯৭৮, আবূ দাউদ ৪৪১০। শাইখ আলবানী তাঁর সহীহ আবূ দাউদ (৪৪১০) গ্রন্থে হাসান বলেছেন। ইমাম সান'আনী তাঁর সুবুলুস সালাম গ্রন্থে বলছেন, এর শাহেদ আছে। কিন্তু শাইখ বিন বায তাঁর বুলুলুগুল মারামের হাশিয়া (৬৮৬) গ্রন্থে একে অত্যন্ত দুর্বল বলেছেন। উসাইমীনও তাঁর বুলুগুল মারামের শরাহ (৫/৪০৭) গ্রন্থে বলেন, হাদীসটি মুনকার, সহীহ নয়। ইবনু হাজার আসকালানী তাঁর আত-তালখীসুল হাবীর (৪/১৩৮৭) গ্রন্থে বলেন, এর সানাদে মাসআব বিন সা'দ রয়েছে, তাঁর সম্পর্কে ইমাম নাসায়ী বলেন, তিনি শক্তিশালী বর্ণনাকারী নন। আর এ হাদীসটি মুনকার। এ সম্পর্কে আমার কোন সহীহ হাদীস জানা নেই। ইবনুল মুলকীনও তাঁর আল বাদরুল মুনীর (৮/৬৭২) গ্রন্থে বলেন, এ সানাদের বর্ণনাকারী মাসআব বিন সা'দকে দুর্বল বলা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন